



বরাবর,

তারিখ: ২৫ অক্টোবর, ২০২২

জনাব এলিজা সুলতানা

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, সিরাজগঞ্জ

বিষয়ঃ সামাজিক অবক্ষয় রোধের মাধ্যমে ভবিষ্যৎ সুনামগরিক গড়ে তোলার লক্ষ্যে 'স্বাস্থ্য সুরক্ষা ক্লাব' প্রতিনিধিদের অংশগ্রহণে 'ইয়াং লিডারস্ কনফারেন্স- ২০২২' শীর্ষক অনুষ্ঠানে 'স্বাস্থ্য সুরক্ষা ক্লাব' প্রতিনিধিদের অংশগ্রহণ নিশ্চিত করার বিষয়ে সার্বিক সহায়তা ও ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

মহোদয়,

স্বাস্থ্য সুরক্ষা ফাউন্ডেশনের পক্ষ থেকে শুভেচ্ছা জানবেন।

আপনি নিশ্চয় অবগত আছেন, স্বাস্থ্য সুরক্ষা ফাউন্ডেশন 'স্বাস্থ্য সুরক্ষা ক্লাব' এর মাধ্যমে মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের সুনামগরিক হিসেবে গড়ে তুলতে পাঠ্যসূচির পাশাপাশি সহশিক্ষা কার্যক্রমের অংশ হিসেবে কিশোর-কিশোরীদের স্বাস্থ্য উন্নয়ন, ব্যক্তিগত পরিচ্ছন্নতা, পুষ্টি শিক্ষা, মানসিক স্বাস্থ্য, বাল্যবিবাহ প্রতিরোধ, নেতৃত্ব বিকাশ ও দেশপ্রেমের উদ্বুদ্ধকরণের মাধ্যমে বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ে তুলতে নানান উদ্যোগ ও কর্মসূচি পালন করছে। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের অনুমোদনক্রমে দেশব্যাপী ১ হাজার 'স্বাস্থ্য সুরক্ষা ক্লাব' গঠনের কার্যক্রম চলছে। ইতোমধ্যে সিরাজগঞ্জ সদর উপজেলায় ৩৯টি স্কুল ও ১৪টি মাদ্রাসায় এবং কামারখন্দ উপজেলায় ২০টি স্কুল ও ১১টি মাদ্রাসায় 'স্বাস্থ্য সুরক্ষা ক্লাব' গঠন করা হয়েছে।

সেই ধারাবাহিকতায়, সামাজিক অবক্ষয় রোধের মাধ্যমে কিশোর-কিশোরীদেরকে ভবিষ্যৎ সুনামগরিক হিসেবে গড়ে তোলার পাশাপাশি ক্লাবের সার্বিক অবস্থা পর্যালোচনা, ভবিষ্যৎ পরিকল্পনা এবং অন্যান্য সামাজিক বিষয়গুলো নিয়ে আলোচনার লক্ষ্যে আগামী ২৯ অক্টোবর, ২০২২ শনিবার, সিরাজগঞ্জ অফিসার্স ক্লাবে সকাল ১০.৩০ ঘটিকায় সিরাজগঞ্জ সদরের (সিরাজগঞ্জ পৌরসভা, শিয়ালকোল, খোকশাবাড়ি, কাওয়াকোলা, কালিয়া হরিপুর ও সয়দাবাদ ইউনিয়ন) সকল স্কুল ও মাদ্রাসার 'স্বাস্থ্য সুরক্ষা ক্লাব' এর প্রতিনিধিদের নিয়ে 'ইয়াং লিডারস্ কনফারেন্স- ২০২২' শীর্ষক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ৬৩, সিরাজগঞ্জ-২ (সদর ও কামারখন্দ উপজেলা) এলাকার মাননীয় সংসদ সদস্য অধ্যাপক ডা. মো. হাবিবে মিল্লাত এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি, উন্নয়ন ও মানব সম্পদ ব্যবস্থাপনা) জনাব মোঃ তমাল হোসেন এবং সিরাজগঞ্জ সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব মোহাম্মদ রিয়াজ উদ্দিন। অনুষ্ঠানটির সভাপতিত্ব করবেন সিরাজগঞ্জ সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা জনাব মশুকাতো রাব্বি।

এমতাবস্থায়, সিরাজগঞ্জ সদরের সকল স্কুল ও মাদ্রাসার (সিরাজগঞ্জ পৌরসভা, শিয়ালকোল, খোকশাবাড়ি, কাওয়াকোলা, কালিয়া হরিপুর ও সয়দাবাদ ইউনিয়ন) প্রধান শিক্ষক (স্কুলের ক্ষেত্রে/ সুপার মাদ্রাসার ক্ষেত্রে), ১ জন কোর্ডিনেটর শিক্ষক ও দুজন পিয়ার লিডার শিক্ষার্থীকে (১ জন ছেলে ও ১ জন মেয়ে) (মোট ৪ জন) অংশগ্রহণ করার বিষয়ে সার্বিক ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিনীতভাবে অনুরোধ জানানো যাচ্ছে। আপনাকে অশেষ ধন্যবাদ। আপনার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করছি।

ধন্যবাদান্তে,

ডাঃ এটি নিজাম উদ্দিন আহমেদ

নির্বাহী পরিচালক,


স্বাস্থ্য সুরক্ষা ফাউন্ডেশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।
ই-মেইল useo_sad@yahoo.com
ওয়েব পোর্টাল seo.sirajganisadar.sirajgani.gov.bd

স্মারক নং-উমাশিঅ/সদর/সিরাজ/২২/২৩২(৫৩)

তারিখঃ- ২৬/১০/২০২২খ্রিঃ

বর্নিত পত্রের মর্মানুযায়ী আগামী ২৯ অক্টোবর, ২০২২ শনিবার, সিরাজগঞ্জ অফিসার্স ক্লাবে সকাল ১০.৩০ ঘটিকায় সিরাজগঞ্জ সদরের সিরাজগঞ্জ পৌরসভা, শিয়ালকোল, খোকসাবাড়ী, কাওয়াকোলা, কালিয়াহরিপুর ও সয়দাবাদ ইউনিয়নের সকল স্কুল ও মাদ্রাসার 'স্বাস্থ্য সুরক্ষা ক্লাব' এর প্রতিনিধিদের নিয়ে 'ইয়াং লিডারস কনফারেন্স-২০২২ শীর্ষক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। উক্ত 'ইয়াং লিডারস কনফারেন্স-২০২২ এ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানসহ ০১ জন কোর্ডিনেটর শিক্ষক ও ০২ জন পিয়ার লিডার শিক্ষার্থীকে(০১ জন ছেলে ও ০১ জন মেয়ে) যথা সময় ও তারিখে উপস্থিত থাকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ করা হলো।



(এলিজা সুলতানা)

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার,----- স্কুল এন্ড কলেজ/উচ্চ/নিম্ন মাধ্যমিক
বিদ্যালয়/মাদ্রাসা(সকল) সদর, সিরাজগঞ্জ।

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।